

পঞ্চগড়ে বর্ষায় স্কুলে উপস্থিতি বাড়তে শিক্ষার্থীদের মাঝে ছাতা বিতরণ

প্রতিনিধি, পঞ্চগড়

বর্ষা মৌসুমে স্কুলে শিক্ষার্থীদের উপস্থিতি বাড়াতে পঞ্চগড়ের আটোয়ারি উপজেলার ডাংগীর হাট আনর্শ উচ্চ বিদ্যালয়ের দুটি ক্লাসের শিক্ষার্থীদের মাঝে ছাতা বিতরণ করা হয়েছে। গতকাল শনিবার দুপুরে এসব ছাতা বিতরণ করা হয়।

ছাতা বিতরণের মূল উদ্যোগ কপিটটার বিষয়ক শিক্ষক হামিদুল করিম জানান, স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের আর্থিক সহায়তা এবং স্কুল ফাঁকি দেয়া শিক্ষার্থীদের সামান্য জরিমানার টাকা মিলিয়ে প্রায় ৭ হাজার টাকার কেনা হয় ৯৭টি ছাতা। ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর ৯৭ জন শিক্ষার্থীর মাঝে এসব ছাতা বিতরণ করা হয়।

ছাতা বিতরণকালে উপস্থিত জেলা শিক্ষা কর্মকর্তা মো. আকরুল আমিন এমেন উদ্যোগের প্রশংসা করে বলেন, জেলার কোন স্কুলে এমন উদ্যোগ নেই। হয়েছে বলে আমার জানা নেই। অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোতেও অনুপস্থিতির হার কমাতে এমন উদ্যোগ নিতে উৎসাহিত করা হবে।

শিক্ষক হামিদুল করিম বলেন, শিক্ষক-শিক্ষিকাদের সহায়তায় ছাতা বিতরণের উদ্যোগটি নেয়া হয়েছিল। শিক্ষার্থীদের উপস্থিতি বাড়লে আমাদের উদ্দেশ্য সফল হবে। এ সময় আটোয়ারি উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু তাহের মো. কামরুল হাসান, ধামোর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও স্কুল ম্যানেজিং কমিটির সভাপতি মো. জালালউদ্দীন, প্রধান শিক্ষক মো. জাকির হোসেন, অভিভাবক আজিজুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।